

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬৩৫(আগরতলা, ১১।১)

খোয়াই, ১১ জানুয়ারি, ২০১৯

খোয়াই মহকুমাভিত্তিক আন্তঃ উপজাতি আবাসিক  
ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

তুলাশিখর ব্লকের ভারত সর্দার দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের মাঠে গতকাল খোয়াই মহকুমা ভিত্তিক আন্তঃ উপজাতি আবাসিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতার উদ্বোধন করেন খোয়াই মহকুমা শাসক সোনাঙ্কী সিং তমার। উদ্বোধনী ভাষণে মহকুমা শাসক বলেন, পড়াশুনার সাথে সাথে দেহ মন সুস্থ রাখার জন্য খেলাধুলার গুরুত্ব অপরিসীম। তিনি পড়াশুনার পাশাপাশি খেলাধুলা চর্চা করার জন্য ছাত্রছাত্রীদের পরামর্শ দেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন তুলাশিখর বি এ সি'র চেয়ারম্যান প্রদীপ দেববর্মা। উপস্থিত ছিলেন তুলাশিখর ব্লকের বি ডি ও অভিরাম দেববর্মা। মহকুমা ভিত্তিক এই প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন খোয়াই মহকুমা কল্যাণ আধিকারিক সুরেশ জমতিয়া। সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক রমেন্দ্র দেববর্মা। এই ক্রীড়া প্রতিযোগিতায় খো-খো, কাবাডি, হাইজাম্প, লংজাম্প, শটপাট নিক্ষেপ ইত্যাদি ১০টি ইভেন্টের প্রতিযোগিতা হয়। এতে দুই শতাধিক প্রতিযোগী অংশ নিয়েছে।

\*\*\*\*\*